



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ [info@nhrc.org.com](mailto:info@nhrc.org.com)

স্মারক নং- এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ ২৩৯/১৩-১১৫

তারিখঃ ০৪/০৩/২১

### প্রেস বিজ্ঞপ্তি-

## প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমামের মৃত্যুতে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যানের শোক

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা হোসেন তৌফিক ইমাম (এইচ টি ইমাম) এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি। তিনি আজ এক শোকবার্তায় মরহমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

মাননীয় চেয়ারম্যান বলেন, এইচ টি ইমাম ১৯৭১ সালে পাকিস্তান সিভিল সার্ভিসের লোভনীয় চাকরি ছেড়ে মানবাধিকার ও গণতন্ত্র রক্ষার লক্ষ্য নিয়ে মহান মুক্তিযুদ্ধে যোগ দেন। স্বাধীনতার পর বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নে তিনি নিরলস প্রচেষ্টা করে গেছেন। তাঁর অবদান জাতি শ্রদ্ধার সাথে স্মরণ করবে।

ধন্যবাদান্তে

স্বাক্ষরিত/-

আজহার হোসেন

সহকারী পরিচালক (প্রশিক্ষণ)

জনসংযোগ কর্মকর্তা (অতিঃ দায়িত্ব)

জাতীয় মানবাধিকার কমিশন